

সেপ্টেম্বর 2018

প্রিয় পিতামাতা/অভিভাবক,

আমরা আনন্দিত যে আপনি এবং আপনার সন্তান এই স্কুল বছরে আমাদের 3-কে ফর অল কর্মসূচিসমূহের একটিতে যোগদান করছেন। আপনার সন্তানের শিক্ষক এবং প্রশাসক আনন্দপূর্ণ ও ইন্টারঅ্যাকটিভ পার্ঠের মাধ্যমে তার জীবনব্যাপী শিক্ষণের জন্য প্রয়োজনীয় ভিত্তি তৈরি করবেন। এইসব প্রচেষ্টার অন্তর্ভুক্ত আপনার সন্তানের সামাজিক এবং অ্যাকাডেমিক দক্ষতার বিভিন্ন বিষয়ের অগ্রগতির প্রতি নজর রাখাসহ স্কুল বছরে তার ভাষার উন্নতির প্রতিও খেয়াল দেয়া।

বছরের শুরুতে, কর্মসূচিগুলি নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সাল প্রিকিন্ডারগার্টেন বিধিগুলি অনুযায়ী শিক্ষার্থীদের বেড়ে-ওঠা এবং শিক্ষা-নির্দেশনার সম্ভাব্য কী কী চাহিদা রয়েছে সেই অনুযায়ী তাদের বাছাই করে। এই মূল্যায়ন আপনার সন্তানের বাড়ির ভাষায় লভ্য ছিল না। যেহেতু আপনার সন্তান মূল্যায়নে অংশগ্রহণ করেনি, তার শিক্ষক তাকে পর্যবেক্ষণ করবেন এবং তার কাজগুলি সংগ্রহ করে বছরব্যাপী আপনার সন্তানের অগ্রগতি সম্পর্কে আপনাকে অবহিত রাখবেন।

আপনার যদি কোন প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষক অথবা আমাদের অফিসের সাথে earlychildhood@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করুন।

আর্লি চাইল্ডহুড রিসোর্স সম্পর্কিত আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট <https://www.schools.nyc.gov/school-life/learning/grade-by-grade/early-childhood-learning> দেখুন।

বিনীত,



যশ ওয়ালাক

ডেপুটি চ্যান্সেলর ফর আর্লি চাইল্ডহুড এডুকেশন অ্যান্ড স্টুডেন্ট এনরোলমেন্ট

**PRE-K
FOR ALL**

NYC
Department of
Education

